ভর্তি সমস্যা

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 10 JAN 1993 ..
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ...

50

# নগরীর স্কুলে ভর্তি সমস্যা প্রকট

রেজানুর রহমান ॥ প্রতি বছরের ন্যায় এবারও নগরীর স্কুলসমূহে ভর্তি সমস্যা দেখা দিয়াছে। বিশেষ কয়েকটি স্কুলে এই সমস্যা প্রকট। কোন কোন স্কুলে নির্ধারিত আসনসংখ্যা অনুপাতে ভর্তি প্রার্থীর সংখ্যা দশ-বার গুণ ছাড়াইয়া গিয়াছে। ফলে একটি ভাল স্কুলে সন্তানকে ভর্তি করাইবার চিন্তায় অভিভাবকেরা দিশেহারা হইয়া পড়িয়াছেন। ভিখারুন্নেসা নুন গার্লস হাইস্কুলের প্রথম শ্রেণীর মোট ৭টি শাখায় আসন সংখ্যা ৩৮৫। প্রায় ৫ হাজার ছাত্রী ভর্তি পরীক্ষায় অংশ নেয়। ইতিমধ্যে মর্নিং শাখার ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হইয়াছে। আজ (রবিবার) দিবা শাখার ফলাফল প্রকাশ করা হইবে।

আজিমপুর এলাকার একটি নামকরা শিক্ষা প্রতিষ্ঠান অগ্রণী বালিকা বিদ্যালয়ে একমাত্র শিশুশ্রেণীতে ৭ই জানুয়ারী ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইয়াছে।

(১০ম পৃঃ ১ কঃ দ্রঃ)

## নগরীর স্কুলে

( ১ম পৃঃ পর )

১৫০টি আসনের জন্য ভর্তি পরীক্ষায় অংশ নিয়াছে ৬ শত ছাত্রী। ১৪ই জানুয়ারী ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হইবে।

পুরানো ঢাকার বাওয়ানী একাডেমীতে একমাত্র শিশু শ্রেণীর ২৪০টি আসনের জন্য দরখাস্ত জমা পড়িয়াছে ৬১৭টি। আজ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে। আরমানিটোলা নিউ গভঃ হাইস্কুলে গতকাল ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। ৬ষ্ঠ শ্রেণীর ৫৪টি আসনের জন্য ১৬৫ জন, তৃতীয় শ্রেণীর ৪২টি আসনের জন্য ১৫০ জন ভর্তি পরীক্ষায় অংশ নেয়। পুরানো ঢাকার বাংলাবাজার গভঃ গার্লস হাইস্কুলে প্রথম শ্রেণীতে ৪০টি আসনের জন্য ৩ শত জন। ৪র্থ শ্রেণীর ৫০টি আসনের জন্য ৩ শত ৫ জন, ৭ম শ্রেণীর ৫০টি আসনের জন্য ২৫০ জন এবং ৯ম শ্রেণীর ২০টি আসনের জন্য ৫৩ জন আবেদনপত্র ক্রয় করিয়াছে। আজ (রবিবার) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

মতিঝিল সরকারী উচ্চ বালক বিদ্যালয় মতিঝিল সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়, উইলস লিটল ফ্লাওয়ার, গভঃ ল্যাবরেটরী হাইস্কুলসহ বেশ কয়েকটি স্কুলে গতকাল ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। মতিঝিল সরকারী উচ্চ বালক বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেণীর ৪০টি আসনের জন্য ৮৬০ জন, ৮ম শ্রেণীর ১০টি আসনের জন্য ২৩৫ জন, ৯ম শ্রেণীর ১০টি আসনের জন্য ২২০ জন, মতিঝিল সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়ের ৫ম শ্রেণীর ১৩৫ টি আসনের জন্য ৪১৩ জন ৬ষ্ঠ শ্রেণীর ১০০টি আসনের জন্য ৫৩০ জন, ৭ম শ্রেণীর ৭৫টি আসনের জন্য ২১৩ জন, ৮ম শ্রেণীর ৩০টি আসনের জন্য ১৩৭ জন, ৯ম শ্রেণীর ২৫টি আসনের জন্য ১১৯ জন, উইলস লিটল ফ্লাওয়ার স্কুলের নার্সারী শ্রেণীর ১০০টি আসনের জন্য বাছাই করা ২২৫ জন, কেজি (ইংরেজী) ১০টি আসনের জন্য ১০৭ জন, (বাংলা) ৪০টি আসনের জন্য ১২৭ জন, গভঃ ল্যাবরেটরী হাইস্কুলের প্রথম শ্রেণীর ১৮০টি আসনের জন্য প্রায় সাড়ে ৪ হাজার ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষায় অংশ নেয়।

মতিঝিল এলাকার অন্যতম শিক্ষা প্রতিষ্ঠান আইডিয়াল হাইস্কুলের প্রথম ও দ্বিতীয় শ্রেণীতে ভর্তির ঘোষণা দেওয়া হইয়াছে। কর্তৃপক্ষ কয়েকদিন আগে এই দুই শ্রেণীতে ছাত্র-ছাত্রী ভর্তি না করার সিদ্ধান্ত ঘোষণা করায় এলাকাবাসী বিক্ষোভ প্রদর্শন করে। শিক্ষা মন্ত্রীর সহিত এলাকাবাসীরা সাক্ষাৎ করার পর শিক্ষামন্ত্রীর নির্দেশে গতকাল ভর্তির সিদ্ধান্ত ঘোষণা করা হইয়াছে। প্রথম শ্রেণীতে ৮০ এবং দ্বিতীয় শ্রেণীতে ২০৫টি আসনের জন্য ১৯শে জানুয়ারী হইতে ২৩শে জানুয়ারী পর্যন্ত আবেদনপত্র বিক্রি করা হইবে। এই স্কুলের অন্যান্য শ্রেণীর শূন্য আসনসমূহে ভর্তির আবেদনপত্র ইতিমধ্যে সরবরাহ করা হইয়াছে। চলতি মাসের প্রথম দিন হইতেই ভালো স্কুলসমূহে অভিভাবকদের ভিড় শুরু হইয়াছে। কিভাবে স্কুলের প্রধান শিক্ষক/শিক্ষিকার সহিত একটু সখ্যতা গড়িয়া তোলা যায়—অনেকেই এই পথ খুঁজিতেছেন। এই সুযোগে স্কুলে 'বড় আপা' 'হেডস্যার' এখন অনেক অভিভাবকের কাঙ্ক্ষিত ব্যক্তি হিসাবে পরিণত হইয়াছেন। অবস্থাপন্ন অভিভাবকেরা ডোনেশন, বিশেষ উপহারের প্যাকেট নিয়াও ঘোরাঘুরি করিতেছেন। নগরীতে প্রতিবছর ভর্তি সমস্যা দেখা দেয় অথচ এই সমস্যা সমাধানের কোন উদ্যোগ নাই। বছর শুরু হইলেই বাবা-মা সন্তানকে নিয়া এইস্কুল সেই স্কুলে ঘোরাঘুরি শুরু করেন। একবার ভর্তি না হইলে পরের বারের জন্য অপেক্ষা করেন। খোঁজ নিয়া দেখা গিয়াছে, কিছু স্কুলে ভর্তি সমস্যা প্রকট আবার কিছু স্কুলে শূন্য আসন পূরণ করার জন্য ছাত্র-ছাত্রী খুঁজিয়া পাওয়া যায় না। একজন অভিভাবক বলেন, ভর্তি সমস্যার সমাধান করিতে হইলে প্রতিটি স্কুলে লেখাপড়ার মানোন্নয়নে উদ্যোগ গ্রহণ করিতে হইবে।